

# সিদ্ধিরগঞ্জে শিক্ষার্থীদের মাঝে স্কুলব্যাগ, বৃক্ষ বিতরণ

প্রতিনিধি, সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ)

: মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

সিদ্ধিরগঞ্জে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে স্কুলব্যাগ ও গাছের চারা বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার বিকালে প্রতিভা সমাজকল্যাণ সংস্থার উদ্যোগে ৯৫ নং আদমজী নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ২শ স্কুল ব্যাগ ও ৩শ গাছের চারা বিতরণ করা হয়। স্কুলব্যাগ ও গাছের চারা পেয়ে শিক্ষার্থীরা উচ্ছাস প্রকাশ করেছে। সংস্থার চেয়ারম্যান অ্যাড. হাবিবুর রহমান মাসুমের সভাপতিত্বে স্কুলব্যাগ ও গাছের চারা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিদ্ধিরগঞ্জ থানা বিএনপির সহসভাপতি ও নাসিক ৫ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর জি এম সাদরিল। এতে বিশেষ অতিথি ছিলেন থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক আকবর হোসেন, আদমজী নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খাজিদা বেগম, বিএনপি নেতা শামীম আহমেদ ঢালী, জামান মির্জা, আমিনুল হক রানা, কামাল হোসেন, শাহ আলম, কালাম, রাহিম প্রমুখ।